কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-২৩৫** **তারিখ ঃ ০৭-০৩-২০১৬ খ্রিঃ**

**বিষয় ঃ জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৮তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ২৩-০২-২০১৬ খ্রিঃ তারিখে কৃষি সচিব ও জাতীয় বীজ বোর্ডের সভাপতি জনাব আনোয়ার ফারুক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৮তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ক) ৮৮তম সভার কার্যবিবরণী (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

০৭.০৩.১৬

(মোঃ আজিম উদ্দিন)
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স ঃ ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ -২২০০;
০২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫;
০৪। যুগ্ম সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন), অর্থ বিভাগ (কক্ষ নং-২১৯), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -১২১৫;
০৭। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৮। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
১০। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনষ্টিটিউট, বাকৃবি চত্ত্বর, ময়মনসিংহ-২২০০;
১১। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০;
১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১;
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষিভবন, ঢাকা;
১৭। জনাব এম আনিস উদ দৌলা, চেয়ারম্যান, এসিআই লিঃ এবং সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, সিদ্দিক বাজার, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**;
০৪। প্রফেসর ড. শহিদুর রশীদ ভূইয়া, প্রো-ভিসি, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা;
০৫। ড. মো. আব্দুর রাজ্জাক (প্রাক্তন নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি), প্রকল্প-পরিচালক, এনএটিপি, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা;
০৬। প্রফেসর ড. লুৎফুর রহমান, হাউজ #০৯, রোড# ১৫, সেকশন-১২, উত্তরা, ঢাকা-১২৩০;
০৭। সদস্য পরিচালক (শস্য), বিএআরসি, ফার্মগেট, ঢাকা;
০৮। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, জয়দেবপুর, গাজীপুর;
০৯। ড. মো. নজমুল হুদা, সীড সাপ্লাই এন্ড মনিটরিং এক্সপার্ট, মানসম্পন্ন বীজ সরবরাহ প্রকল্প, বিএডিসি, ঢাকা;
১০। জনাব সরদার এমডি সালাউদ্দিন, এগ্রো ইনপুট কোয়ালিটি কন্ট্রোল এন্ড স্ট্যান্ডার্ড স্পেশালিস্ট, ইউএসএআইডি (এআইপি) ইন বাংলাদেশ, ঢাকা;
১১। উপপরিচালক (আমদানি/রপ্তানি), উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১২। জনাব মো. মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি লিঃ, বাড়ী#১০, গরীবে নেওয়াজ ই এভিনিউ, সেক্টর # ১৩,উত্তরা, ঢাকা-১২৩০;
১৩। জনাব মাহবুব আনাম, ব্যবস্থাপনা পরিচালক, লাল তীর সীড কোম্পানি, এ্যাংকর টাওয়ার, ১/১বি, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫;
১৪। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ব্লু-মুন ইন্টারন্যাশনাল, ৪/৭ ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা;
১৫। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স গ্লোবাল এগ্রো রিসোর্স ইনকর্পোরেশন, হাউজ # ৩৪/এ, সড়ক # ৪, ধানমন্ডি, ঢাকা
১৬। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৭। অতিরিক্ত সচিব (গবেষণা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮। অফিস কপি/মাস্টার ফাইল।

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৮তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : আনোয়ার ফারুক, সচিব, কৃষি মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : ২৩ ফেব্রুয়ারী, ২০১৬খ্রি: |
| সময় | : দুপুর ২.০০ ঘটিকা। |
| স্থান | : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য। |

জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) সভাপতি ও কৃষি সচিব জনাব আনোয়ার ফারুক এর সভাপতিত্বে গত ২৩-০২-২০১৬ খ্রি: তারিখে দুপুর ০২.০০ ঘটিকায় জাতীয় বীজ বোর্ডের ৮৮তম সভা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট-ক-তে** দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বীজ উইং এর প্রধান বীজতত্ত্ববিদ-কে ৮৮তম সভার কার্যপত্রানুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। জনাব মো. আজিম উদ্দিন, প্রধান বীজতত্ত্ববিদ সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য সূচী-(ক) : গত ২০/১২/২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৮৭তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা:** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৮৭তম সভা গত ২০/১২/২০১৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী গত ০৩/০১/২০১৬ খ্রি: তারিখ ১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-০২ সংখ্যক স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যগণের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ বিষয়ে কোন মতামত না থাকায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত :** জাতীয় বীজ বোর্ডের ৮৭তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য সূচী-(খ) : আলুর জাত নিবন্ধীকরণ ও ছাড়করণ**

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের গত ৮৭তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত আলুর ৪টি (চার) জাত যথাক্রমে ক) Flamenco, খ) Crips 4 all, গ) Destiny এবং ঘ) Dolly এর মূল্যায়নকৃত ফলাফল পুন:নিরীক্ষার জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিতে প্রেরণ করা হয়েছিল। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত :** কারিগরি কমিটির সুপারিশ ও জাতীয় বীজ বোর্ডের সভায় বিস্তারিত আলোচনা শেষে আমদানিকৃত Flamenco জাতটি বারি আলু-৬৯ এবং Destiny ও Dolly কে যথাক্রমে যথাক্রমে বারি আলু-৭০ ও বারি আলু-৭১ নামে ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

**আলোচ্য সূচী-(গ) : পাট বীজ আমদানি।**

**আলোচনা :** চলতি ২০১৫-১৬ উৎপাদন বর্ষে প্রায় ৭.৫৩ লক্ষ হেক্টর জমিতে পাট চাষ করা হবে। কৃষিতাত্ত্বিক চাহিদা মতে দেশে তোষা পাট বীজের চাহিদা ৫,০৯৬ মে.টন এবং কেনাফ/মেস্তা বীজের চাহিদা ১২০০-১৫০০ মে.টন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রণোদনা মোতাবেক চলতি ২০১৫-১৬ উৎপাদন বর্ষে শতকরা ২০ ভাগ উৎপাদন বৃদ্ধি পাবে। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন তোষা পাটের ২৮০ মে.টন বীজ সরবরাহ করবে যা বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রকল্পে সরবরাহ করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

(ক) প্রচলিত নিয়মানুযায়ী বেসরকারি পর্যায়ে ভারত হতে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যায়িত (certified) ৫,৫০০ (পাঁচ হাজার পাঁচশত) মে. টন জে আরও-৫২৪ (নবীণ) জাতের তোষা পাট বীজ এবং ২,০০০ (দুই হাজার) মে. টন কেনাফ/মেস্তা বীজ আমদানির অনুমোদন দেয়া হলো। যার আইপি (Import permit) এর মেয়াদ প্রাপ্তির পর হতে ৬০ দিন হবে। প্রথমে কেনাফ/মেস্তা বীজ এবং পরবর্তীতে পাট বীজের আইপি (Import permit) ইস্যু করা হবে।

(খ) বেসরকারি পর্যায়ে ভারত হতে আমদানিতব্য পাট বীজের গুণগতমান অধিকতর নিশ্চিতকল্পে গত বছরের ন্যায় এবারও port of entry বেনাপোল (যশোর) এবং বুড়িমারী (লালমনিরহাট) স্থল বন্দর হবে। বীজের গুণগত মান বজায় রাখার স্বার্থে আমদানিকৃত পাট বীজের প্যাকেটের গায়ে উৎপাদনকারী প্রতিষ্ঠান ও আমদানিকারক কোম্পানির নাম-ঠিকানা স্পষ্ট আকারে উল্লেখ থাকতে হবে।

(গ) বিগত বছরগুলোতে ভারত থেকে আসা বিভিন্ন কোম্পানীর ব্রান্ডের পাট বীজ বাজারে পাওয়া গেছে, যাতে ব্যবহৃত বীজ প্রত্যয়ন ট্যাগ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ছিল না। চলতি বছর এ বিষয়ে পাট বীজ আমদানী ও বিপণনে জড়িত সংশ্লিষ্ট সকলকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

**আলোচ্য সূচী-(ঘ) প্রস্তাবিত জাতীয় বীজ আইনের খসড়া-২০১৬**

**আলোচনা :** The Seed Ordinance, 1977 অধ্যাদেশটি আইনে পরিণত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী অশিংজনদের মতামত গ্রহণ করে অধ্যাদেশটি সংশোধন ও পরিমার্জনের পরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলাভাষা বস্তবায়ন কোষ হতে অনুবাদ করে খসড়া চূড়ান্ত করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** প্রস্তাবিত জাতীয় বীজ আইন-২০১৬ এর বিষয়ে আর কোন মতামত থাকলে আগামী ৭-১০ কর্মদিবসের মধ্যে লিখিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। সংশোধনীর পর পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য সূচী-(ঙ) প্রস্তাবিত জাতীয় বীজ নীতির খসড়া-২০১৬**

**আলোচনা :** সীড রেগুলেটরী রিফর্ম কমিটির সদস্যবৃন্দ বিগত দুই বছরে প্রায় ১০ টি সভায় মিলিত হয়ে সকল অংশিজনদের মতামত নিয়ে প্রস্তাবিত জাতীয় বীজ নীতি-২০১৬ এর খসড়া চূড়ান্ত করে। খসড়াটি অধিকতর মতামত প্রদানের জন্য কৃষি মন্ত্রণালয়ের ওয়েভসাইটেও দেয়া হয়েছিল। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** প্রস্তাবিত জাতীয় বীজ নীতি-২০১৬ এর বিষয়ে আর কোন মতামত থাকলে আগামী ৭-১০ কর্মদিবসের মধ্যে লিখিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। সংশোধনীর পর পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য সূচী-(চ) উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা-২০১৬ এর খসড়া বাংলাভাষায় রূপান্তর।**

**আলোচনা :** উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা-২০১৬ প্রণয়ন করার নিমিত্তে ৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয় এবং পরবর্তীতে ২১/০৭/২০১৪খ্রি: তারিখ কাজের সুবিধার্থে ৮ সদস্যকে পূর্ববর্তী কমিটির সাথে কো-অপ্ট করা হয়। উক্ত কমিটির মোট ১৯ (উনিশ) টি সভার আলোচনা ও পর্যালোচনার মাধ্যমে গৃহীত সিদ্ধান্তের আলোকে উদ্ভিদ সংগনিরোধ আইন, ২০১১ এর সাথে সামঞ্জস্য রেখে উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা -২০১৬ এর চূড়ান্ত খসড়া প্রণয়ন করা হয়েছে। এটি ইংরেজী ভাষায় তৈরি করা হয়েছে। সরকারি আইন অনুযায়ী বিধিমালাটি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য বাংলা ভাষায় অনুবাদ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** বিশ্বের বিভিন্ন দেশে আমদানি ও রপ্তানি সম্পর্কীত কাজের জন্য উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা ব্যবহৃত হয় বিধায় এ বিধিমালাটি ইংরেজীতে থাকতে পারে। প্রয়োজনে স্থানীয় ব্যবহারের জন্য এটির বাংলা রূপান্তর করা যেতে

আলোচ্য সূচী-(ছ) ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স সেন্টার (NPGRC) স্থাপন

**আলোচনা :** বাংলাদেশ উদ্ভিদ জীব বৈচিত্রপূর্ণ একটি দেশ এবং এখানে রয়েছে সমৃদ্ধ উদ্ভিদ কৌলিসম্পদ যা ফসল উন্নয়ন কর্মকাণ্ডের প্রধান র-ম্যাটেরিয়াল। এদেশের কৃষক ও কৃষক সম্প্রদায় হাজার হাজার বছর ধরে এসব উদ্ভিদ জিন সম্পদ লালন, উন্নয়ন এবং দেশের বহুমাত্রিক পরিবেশ অনুযায়ী বিভিন্ন ফসলের নানা রকম জাত বাছাই করে নিয়েছেন। এসব কৃষকের জাতসহ ফসলের নানা জাতসমূহ, বাছাই করা উন্নত লাইনসমূহ, পূর্বেকার উন্নত জাতসমূহ, মিউটেন্টসমূহ, ফসলের কাছের দূরের সম্পর্কিত প্রজাতিসমূহ এসব হলো আমাদের ফসলের মূল্যবান কৌলিসম্পদ। এদের মধ্যে ধারণ করা মূল্যবান জিনসম্পদ রক্ষা করা ও ব্যবহার নিশ্চিত করা ছাড়া আজকের এবং আগামী দিনের ফসল উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনা অসম্ভব। তাছাড়া বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের কারনে অভিঘাত সহিষ্ণু জাত উদ্ভাবনের জন্য এসব কৌলিসম্পদের গুরুত্ব এখন আরো অনেক বেড়ে গেছে। দেশে বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানে, বিশ্ববিদ্যালয়ে, প্রাইভেট কোম্পানীদের হাতে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে ফসলের নানা রকম জিনসম্পদ। এদের সংগ্রহ, সংরক্ষণ, মূল্যায়ন ও বৈশিষ্ট্যায়ন, ডকুমেন্টেশন, সরবরাহ ও প্রয়োগ নিশ্চিত করতে হলে প্রয়োজন যথাযথ সমন্বয় ও নিয়ন্ত্রণ। এসবের বাইরেও রয়েছে জিন সম্পদ নিয়ে বহু রকম কার্যক্রম। আমাদের পার্শ্ববর্তী দেশ ভারত, শ্রীলংকা, চীন, কোরিয়াসহ পৃথিবীর বিভিন্ন দেশে কৌলিক সম্পদ সংরক্ষণের জন্য কেন্দ্রীয়ভাবে রিসোর্স সেন্টার রয়েছে। আমাদের দেশে বিভিন্ন প্রতিষ্ঠানে ছড়িয়ে ছিটিয়ে থাকা কৌলিক সম্পদসমূহকে কেন্দ্রীয়ভাবে সংরক্ষণের জন্য ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স সেন্টার স্থাপন সময়ের দাবী। প্রফেসর ড. মো. শহীদুর রশিদ ভূঁইয়া, প্রো-ভাইস চ্যান্সেলর, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বলেন ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স সেন্টারের অভাবে আমাদের দেশের অনেক গুরুত্বপূর্ণ কৌলিসম্পদ নস্ট হচ্ছে।

**সিদ্ধান্ত :** জাতীয় গুরুত্বপূর্ণ বিষয় ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স সেন্টার (NPGRC) স্থাপনের বিষয়ে প্রফেসর ড. মো. শহীদুর রশিদ ভূঁইয়া, প্রো-ভাইস চ্যান্সেলর, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়'কে সভাপতি ও বিএআরসি এর সদস্য পরিচালক শস্য'কে সদস্য সচিব করে ১৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো।

| | |
|---|---|
| ০১। প্রফেসর ড. মো. শহীদুর রশিদ ভূঁইয়া, প্রো-ভাইস চ্যান্সেলর, শেকৃবি; | সভাপতি |
| ০২। পরিচালক, গবেষণা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর; | সদস্য |
| ০৩। পরিচালক, গবেষণা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর; | সদস্য |
| ০৪। পরিচালক, গবেষণা, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর; | সদস্য |
| ০৫। পরিচালক, গবেষণা, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা; | সদস্য |
| ০৬। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা; | সদস্য |
| ০৭। প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়; | সদস্য |
| ০৮। প্রফেসর ড. লুৎফর রহমান, উপদেষ্টা, এসিআই এগ্রিবিজনেস; | সদস্য |
| ০৯। মোহাম্মদ মাসুম, চেয়ারম্যান, সুপ্রিম সীড কোম্পানী; | সদস্য |
| ১০। মো. নজমুল হুদা, কনসালটেন্ট, মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প; | সদস্য |
| ১১। ড. এফ এইচ আনসারী, নির্বাহী পরিচালক, এসিআই এগ্রিবিজনেস; | সদস্য |
| ১২। ড. মো. আবদুর রাজ্জাক, সাবেক নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি; | সদস্য |
| ১৩। মো. শাহজাহান আলী, এডভাইজার, পেট্রোকেম সীড লিমিটেড; | সদস্য |
| ১৪। সদস্য পরিচালক, শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল; | সদস্য সচিব |

উক্ত কমিটি সভা করে ন্যাশনাল প্ল্যান্ট জেনেটিক রিসোর্স সেন্টার (NPGRC) স্থাপনের মতামত ও কর্তৃপক্ষ গঠনের বিষয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব দিবেন।

আলোচ্য সূচী-(জ) ইস্টা (International Seed Testing Association) এক্রিডেটেড সীড টেস্টিং ল্যাবরেটরী স্থাপন

আলোচনা : বর্তমানে দেশে ISTA- এর নিয়ম নীতির আলোকে সরকারি এবং বেসরকারি বীজ পরীক্ষাগারে বীজ পরীক্ষা করা হলে ও দেশে অদ্যাবধি কোন বীজ পরীক্ষাগার ISTA এর এক্রিডেশনপ্রাপ্ত নয়। তবে সরকারি পর্যায়ে বিএডিসি এবং বীজ প্রত্যয়ন এজেন্সীর দুইটি পরীক্ষাগার এর মেম্বার ল্যাবরেটরী এবং বেসরকারি সেক্টরে এসিআই সীড লালতীর সীড ও সুপ্রিম সীড কোম্পানি ISTA এর মেম্বার ল্যাবরেটরী। বিগত কয়েক বছরে সরকারের বিভিন্ন বাস্তবমুখী কর্মসূচী ও নীতির ফলে দেশের বীজ শিল্প ১টি গতিশীল ও সমৃদ্ধশালী অবস্থানে পৌঁছেছে। বর্তমানে বেসরকারি সেক্টর হতে বিদেশে হাইব্রিড সবজিসহ বিভিন্ন ফসলের বীজ রপ্তানি করা হচ্ছে। তবে গ্লোবাল মার্কেট ও ইউরোপীয় ইউনিয়নের দেশ সমূহে বীজ রপ্তানি করতে হলে সরকারি এবং বেসরকারি পর্যায়ে ISTA এক্রিডেশনপ্রাপ্ত বীজ পরীক্ষাগার প্রয়োজন। কারণ ISTA এর নিয়ম অনুযায়ী অরেঞ্জ সার্টিফিকেট ছাড়া বীজ রপ্তানি করা যায় না। উল্লেখ্য যে, ISTA এক্রিডেশন প্রাপ্তিতে অবকাঠামো, জনবল ও যন্ত্রপাতি বিষয়ে যেসব বাধ্যবাধকতা রয়েছে সেগুলো অনুসরণ করে এক্রিডেশন প্রাপ্তির জন্য প্রচেষ্ঠা নিতে হবে। কারণ পার্শ্ববর্তী সার্কভুক্ত দেশ ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা ও নেপালে ISTA এক্রিডেটেট সীড টেস্টিং ল্যাবরেটরি রয়েছে।

সিদ্ধান্ত ঃ সরকারি এবং বেসরকারি সেক্টরে যে সব সংস্থায় ISTA এর মেম্বার ল্যাবরেটরী আছে তাদেরকে যথাশীঘ্রই ISTA এর এক্রিডেশন প্রাপ্তির জন্য জোর প্রচেস্টা অব্যহত রাখতে হবে।

আলোচ্য সূচী-(ঝ) বিবিধ

(ঝ)-১। **আলুর জাত ছাড়করণ নীতিমালা সংক্রান্ত কমিটি অনুমোদন।**

আলোচনা : আলুর জাত ছাড়করণের সুনির্দিষ্ট নীতিমালার জন্য গত ১১/০১/২০১৬খ্রি: তারিখ জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির বিশেষ সভায় ড. মো: জাহাঙ্গীর হোসেন, পরিচালক, টিসিআরসি, বারি, গাজীপুর কে আহবায়ক করে ১০ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। উক্ত কমিটি আলুর ফলনের পরিমাণ, রোগ পোকামাকড়ের আক্রমন মাত্রা, Dry matter content, মূল্যায়ন ফরম সংশোধন ইত্যাদি বিষয়ে একটি স্ট্যান্ডার্ড মানদন্ড তৈরী করে প্রতিবেদন পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট দাখিল করার জন্য কারিগরী কমিটি কর্তৃক অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত : কারিগরি কমিটির প্রস্তাবিত ১০ সদস্য বিশিষ্ট কমিটি অনুমোদন দেওয়া হলো। টার্মস্ অফ রেফারেন্স মোতাবেক কমিটিকে আগামী ৩ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

(ঝ)-২। **হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ সংশোধনী পদ্ধতি অনুমোদন।**

আলোচনা : বিগত ০১/০৮/২০১১ খ্রি: তারিখে অনুষ্ঠিত কারিগরী কমিটি জাতীয় বীজ বোর্ডের ৬৭তম সভায় হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ পদ্ধতি সংশোধনের জন্য ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি উপকমিটি গঠন করা হয়। উপকমিটি কয়েকটি সভায় মিলিত হয়ে একটি প্রতিবেদন তৈরি করে। জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটিতে প্রতিবেদনটি বিস্তারিত আলোচনা হয়েছে এবং যাচাই বাছাই শেষে প্রতিবেদনটি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি কর্তৃক সুপারিশ করা হয়েছে।

সিদ্ধান্ত : হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ সংশোধনী পদ্ধতিটি অনুমোদন দেয়া হলো

ঝ)-৩। **বীজ মোড়কিকরণে পাটের বস্তা ব্যবহার বাধ্যতামূলক করণ।**

**আলোচনা :** বীজের আদ্রতা বজায় রাখার জন্য বীজ মোড়কিকরণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বীজের আদ্রতা বৃদ্ধি পেলে গজানোর ক্ষমতা কমে যায়, উজ্জলতা কমে যায় এবং পোকায় আক্রান্ত হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায়। বীজের আদ্রতা সমুন্নত রাখার জন্য পাটের বস্তা ক্ষতিকর। এমতাবস্থায় বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পাটের বস্তা ব্যবহার বাধ্যতামূলক করার বিষয়টি বীজ মোড়কিকরণ/সংরক্ষনের ক্ষেত্রে শিথিল করার বিষয়ে জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্তের এসিআই সিড লিমিটেড কর্তৃক পত্র দেওয়া হয়েছে। সরকার ইতিমধ্যে সার এর বাজারজাতকরণের ক্ষেত্রে আবশ্যিকভাবে পাটের বস্তা ব্যবহার বিষয়টি শিথিল করেছে।

**সিদ্ধান্ত :** পাটের বস্তায় সংরক্ষণ করলে দ্রুত বীজের আদ্রতা বেড়ে যায়; ফলে বীজের ভ্রন মরে যায়। এতে অঙ্কুরোদগম ক্ষমতা ক্রমান্বয়ে হ্রাস পায়। তাই বীজ মোড়কীকরণে পাটের ব্যবস্থা ব্যবহারের বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর ডিও লেটার প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

ঝ)-৪। **বেসরকারি কোম্পানি কর্তৃক নোটিফাইড ফসলের জাত উদ্ভাবনে গবেষণা।**

**আলোচনা :** সরকারি সেক্টরের ন্যায় ফসলের জাত উদ্ভাবনে বেসরকারী সেক্টরও বিশেষ ভূমিকা রাখছে। নেটিফাইড ফসলের গবেষণা ও জাত উন্নয়নের জন্য বেসরকারি সেক্টর এগিয়ে আসলে কৃষি খাতের উন্নয়ন আরো বৃদ্ধি পাবে।

**সিদ্ধান্ত:** প্রস্তাবিত বীজ আইন ২০১৬ তে বেসরকারি প্রতিষ্ঠানকে নোটিফাইড ফসলের জাত উদ্ধাবনের জন্য সরকারি সেক্টরের ন্যায় সমান সুযোগ দেয়ার বিধান রাখা হয়েছে। আইনটি পাশ হবার পূর্ব পর্যন্ত বেসরকারি সেক্টর কর্তৃক জাতের ছাড়পত্র প্রদান বিদ্যমান প্রচলিত আইন মোতাবেক পরিচালিত হবে।

পরিশেষে কৃষিবিদ মো. শাহজাহান আলী সভায় বীজ বোর্ডের সকল সদস্যদের পক্ষ থেকে সচিব হিসেবে সদ্য পদোন্নতিপ্রাপ্ত জাতীয় বীজ বোর্ডের সভাপতি জনাব আনোয়ার ফারুককে অভিন্দন ও শুভেচ্ছা জানান। উপস্থিত সকল সদস্যবৃন্দ তার সর্বাঙ্গীন সাফল্য ও দীর্ঘায়ু কামনা করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(আনোয়ার ফারুক)**
সচিব
কৃষি মন্ত্রণালয়।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ৮৮তম সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের স্বাক্ষরের তালিকা

বিষয় ঃ জাতীয় বীজ বোর্ডের ৮৮তম সভা
তারিখ ঃ ২৩-০২-২০১৬ খ্রিঃ, সময় ঃ বেলা ২.০০ ঘটিকা
স্থান ঃ সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
সভাপতি ঃ জনাব আনোয়ার ফারুক, সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্রঃ নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ [illegible] রশীদ ভূঁইয়া | [illegible] | 01552467945 ipbsafc2009@gmail.com | [signature] 23/02/16 |
| ২ | মোঃ আবদুর রাজ্জাক | [illegible] NATP:PF | pdnatp@yahoo.com | [signature] 23/02/16 |
| ৩ | মোঃ আমিনুল ইসলাম | সহকারী পরিচালক (বীজ) বিএডিসি | 01719-626287 | [signature] 23/2/16 |
| ৪ | [illegible] মোঃ [illegible] | AIGCPA. USAID-AIP | 01712406777 | [signature] |
| ৫ | Dr. F H ANSAREY | Executive Director ACI Ltd | 01711526289 | [signature] |
| ৬ | Md. Shahjahan Ali | Seed Technologist | 01730013391 alliedmsali@yahoo.com | [signature] 23/2/2016 |
| ৭ | [illegible] দাস | [illegible] | 01726584857 | [signature] 23/2/16 |
| ৮ | ড. মো: [illegible] জিলানী চৌধুরী | [illegible] | 01552355393 zilani71@gmail.com | [signature] 23/2/16 |
| ৯ | ড. জীবন কৃষ্ণ বিশ্বাস | মহাপরিচালক [illegible] | 01711960341 biswas.jiban@gmail.com | [signature] 23/2/16 |
| ১০ | OMAR AL FAROOQ | BSA EC member | 0171 342426 | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | মো: নাসির উদ্দীন | উপপরিচালক (মাননিয়ন্ত্রণ) বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | 01711-955470 | 26/02 |
| ১২ | [illegible] | মহাপরিচালক বীজ প্রত্যয়ন এজেন্সী | 01714-475354 | 26/2/26 |
| ১৩ | ড. মো: [illegible] হোসেন | DD (Seed Regulation) SCA | 01199182324 | 26/2/26 |
| ১৪ | ড. মো. [illegible] হোসেন | [illegible] BARI | 0191[illegible]997347 | 26/2/26 |
| ১৫ | ড. মো. [illegible] | [illegible] | 01750060333 | |
| ১৬ | মো: আবু ছায়েদ | উপপরিচালক (আমদানি) PQW, DAE | 01756872051 | |
| ১৭ | মুহা: আনোয়ার হোসেন খান | উপ-পরিচালক (রপ্তানি) PQW, DAE | 01711013862 | |
| ১৮ | ড. শামসুন্নাহার বেগম | পরিচালক (গবেষণা) বিনা, ময়মনসিংহ | 01714492742 | 26/2/26 |
| ১৯ | ড. মু. খলিলুর রহমান | মহাপরিচালক [illegible] | 01715567788<br>01713082112 | 26/02/26 |
| ২০ | ড. মো: জালাল উদ্দীন | পরিচালক (গবেষণা) বিএআরআই, গাজীপুর | 01720620621<br>mdjalaluddin1958@gmail.com | 26/2/26 |
| ২১ | মো: [illegible] | অতিরিক্ত পরিচালক [illegible] | 01819724670 | 26/2/26 |
| ২২ | মোহাম্মদ [illegible] | [illegible] | 01711521630 | 26/2/2026 |
| ২৩ | ড. মো. [illegible] | Consultant ERSSP | 01199101143 | 26/2/2026 |
| ২৪ | ড. মো: কামাল উদ্দিন | মহাপরিচালক [illegible] | 01713118907 | 26/2/2026 |
| ২৫ | মো: হাবিবুর রহমান | মহাপরিচালক ডিএই | 01711803895 | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | [illegible] | নির্বাহী চেয়ারম্যান বিএআরসি, ঢাকা | (চ.দা.) [illegible]<br>ec-barc@barc.gov.bd | [signature] ২৩/২/২০১৬ |
| ২৭ | [illegible] | [illegible] | | [signature] |
| ২৮ | [illegible] আলী [illegible] মল্লিক [illegible] | অতি: সচিব | | [signature] |
| ২৯ | Md. Belayet Hossain | Global Agro<br>CEO | 01777407438<br>gari07@live.com | [signature] |
| ৩০ | MANIK CHANDRA KARMOKER | Assistant seed technologist<br>MOA | 01718 018810 | [signature] |
| ৩১ | [illegible] | [illegible] | [illegible] | [signature] |